তারিখ ..২০/৮/৮৬..
পৃষ্ঠা... ২ ... কলাম ... ৭ ...

দৈনিক খবর

CC 025

স্কুল গভর্নিং বডি

# উপজেলা পরিষদের চেয়ারম্যানদের অব্যাহতি দেয়া হচ্ছে

।। খবর রিপোর্ট ।।

মাধ্যমিক স্কুল গভর্নিংবডির চেয়ারম্যানের দায়িত্ব থেকে উপজেলা পরিষদ চেয়ারম্যানদের অব্যাহতি দেয়া হচ্ছে। এ দায়িত্বে মনোনয়নের জন্য নতুন পদ্ধতি চালু করা হচ্ছে।

বর্তমান ব্যবস্থায় উপজেলা পরিষদ চেয়ারম্যানরা উপজেলার মাধ্যমিক স্কুলসমূহের গভর্নিংবডির চেয়ারম্যান। উপজেলার বিভিন্ন কাজে ব্যস্ত থাকতে হয় বলে স্কুলের কাজে তাদের পক্ষে প্রয়োজনীয় সময় দেয়া সম্ভব হয় না বলে শিক্ষা মন্ত্রণালয় মনে করে। এ প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় চেয়ারম্যানদের পরিবর্তে এলাকার স্থানীয় শিক্ষাবিদ, সমাজ সংস্কারক, অবসরপ্রাপ্ত সিনিয়র অফিসার বা অন্য কোন বিদ্যোৎসাহী ব্যক্তিকে

৭-এর পাতায় দেখুন

## উপজেলা পরিষদের

প্রথম পৃষ্ঠার পর

বেসরকারী মাধ্যমিক স্কুলের গভর্নিংবডির চেয়ারম্যান করার প্রস্তাব করেছে। প্রস্তাবিত ব্যবস্থা - অনুযায়ী উপজেলা পরিষদ চেয়ারম্যান তার উপজেলা থেকে তিনজনের নাম জীবন বৃত্তান্তসহ শিক্ষা বোর্ডে প্রেরণ করবেন। বোর্ড এদের মধ্য থেকে একজনকে মনোনীত করবে। তবে শিক্ষা মন্ত্রণালয় বোর্ডকে এ ক্ষমতা দেয়ারও প্রস্তাব করেছে যে; বোর্ড ইচ্ছা করলে এই তিনজনের বাইরে অন্য কাউকে চেয়ারম্যান মনোনীত করতে পারবে।

শিক্ষা মন্ত্রণালয়ের এ প্রস্তাব উচ্চতর পর্যায়ে বিবেচনার জন্য পেশ করা হবে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।